ময়মনসিংহে লাল রঙের ‘ল্যাগেজ’ ঘিরে রেখেছে পুলিশ-র্যাব

ময়মনসিংহ শহরের পাটগুদাম ব্রিজের কাছে সন্দেহজনক লাল রঙের একটি ল্যাগেজ ঘিরে রেখেছে পুলিশ ও র্যাব সদস্যরা। রহস্য উদঘাটনে বোম ডিসপোজাল ইউনিটকে খবর দেয়া হয়েছে।

রবিবার রাত ৮ টা থেকে বোমা সন্দেহে ল্যাগেজটিকে ঘিরে রেখেছে পুলিশ ও র্যাব। আশপাশের মানুষ ও উৎসুক জনতাকে নিরাপদ দূরত্বে থাকতে বলেছেন আইনশৃঙ্খলা বাহিনী।
এ ঘটনায় পুলিশ জানায়, পাটগুদাম ব্রিজের কাছে সকাল থেকে সারাদিন লাল রঙের একটি ল্যাগেজ পড়ে থাকতে দেখেন ট্রাফিক পুলিশের এক সদস্য। পরে সন্দেহ হলে সন্ধ্যায় পুলিশকে জানানো হয়।

খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি নিবাস চন্দ্র মাঝি, পুলিশ সুপার শাহ আবিদ হোসেনসহ এবং র্যাবের সিইও লে. কর্নেল ইফতেখার উদ্দিনসহ ঊর্ধ্বতন কর্মকতারা।

জেলা পুলিশ সুপার শাহ আবিদ হোসেন গণমাধ্যমকে জানান, লাল রংয়ের ল্যাগেজটি রহস্যজনক। তাই বোম ডিসপোজাল ইউনিটকে খবর দেয়া হয়েছে। তারা ঢাকা থেকে আসছেন। আসলে বুঝা যাবে ল্যাগেজটিতে কি আছে।